



## বাণী

২৬ মার্চ ২০২২

আজ ২৬শে মার্চ, আমাদের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস।

আজকের এই দিনে আমি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করছি। তিনি বাঙালি জাতিকে বঞ্চনা থেকে মুক্তির লক্ষ্যে স্বাধীনতা অর্জনের সুদীর্ঘ সংগ্রামে নেতৃত্ব দিয়েছেন। আমি শ্রদ্ধার সাথে মুক্তিযুদ্ধের ত্রিশ লক্ষ শহিদ এবং দুই লক্ষ মা-বোনকে স্মরণ করছি যাঁদের সর্বোচ্চ আত্মত্যাগে আমরা পেয়েছি একটি স্বাধীন বাসভূমি। ১৯৭১ সালের ২৫শে মার্চের কালরাতে পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালি জাতিকে চিরতরে স্তব্ধ করে দিতে নিরস্ত্র বাঙালির ওপর নির্বিচারে গণহত্যা চালিয়েছিল। একান্তরে পাকিস্তানি বাহিনীর গণহত্যা শুধু বাংলাদেশের নয়, বিশ্বমানবতার ইতিহাসেও একটি কালো অধ্যায়। ১৯৭১ সালে ২৬শে মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন এবং দীর্ঘ নয় মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ বিশ্বের মানচিত্রে স্বমহিমায় স্থান করে নেয়।

বঙ্গবন্ধু এক কিংবদন্তীর নাম যিনি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত, ধর্মনিরপেক্ষ এবং সুখী সমৃদ্ধ একটি বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখতেন। তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। অর্থনৈতিক প্রবৃদ্ধির পাশাপাশি দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে।

উন্নয়নের এ অগ্রযাত্রায় সক্রিয় অংশগ্রহণ এবং বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলকরণে অপরিসীম অবদান রাখার জন্য আমি প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন জানাই। একইসাথে বাংলাদেশের পররাষ্ট্রনীতির সফল বাস্তবায়নে নিয়োজিত পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের আমি শুভেচ্ছা জানাই।

মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে আমরা সবাই যার যার অবস্থান থেকে কাজ করবো এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য রেখে যাব একটি উন্নত বাংলাদেশ- আজকের দিনে এ-ই হোক আমাদের দৃষ্ট শপথ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,  
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ শাহরিয়ার আলম, এমপি